গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কমিশনারের কার্যালয়
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা
প্লট # ২ ও ৪, রোড # ১, ব্লক # এ, মিরপুর-১১, ঢাকা-১২১৬
website : www.vatdhakawest.gov.bd

## অফিস আদেশ

এতদ্দারা কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা এর সকল কর্মকর্তা ও কর্মচারীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ দপ্তরের আওতাধীন বিভাগ ও সার্কেল দপ্তরের বিভিন্ন শাখায় অবৈধ বহিরাগত লোকজন কাজ করছে মর্মে অভিযোগ পাওয়া গেছে, যা অনাকাঙ্খিত, অনভিপ্রেত। সরকারি অফিসে এ ধরণের বহিরাগতদের উপস্থিতি দাপ্তরিক নিরাপত্তা ও শৃঙ্খলাকে ব্যহত করে। এমতাবস্থায়, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা এর সার্বিক নিরাপত্তার স্বার্থে এবং সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনার জন্য সকল শাখা ও কর্মকর্তাগণের দাপ্তরিক চেম্বার/কক্ষ এবং এ দপ্তরের নিয়ন্ত্রণাধীন বিভাগ/সার্কেলে যেন অনাকাঙ্খিত অবৈধ/বহিরাগত লোকজন কাজ করতে না পারে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীকে নির্দেশ দেয়া হলো। এ নির্দেশের লংঘন হলে উক্ত ডিভিশন/সার্কেল/শাখা সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে এবং অবৈধ/বহিরাগত ব্যক্তির বিরুদ্ধে ফৌজদারি আইনে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

০৭।০৯।২০২৫
(কাজী ফরিদ উদ্দীন )
কমিশনার (চলতি দায়িত্ব)
ফোন : ০২-৪১০০২৬৫৯
ই-মেইল: dhakawestcom@gmail.com

নথি নং-০৮.০১.২৬৪৮.১০২.১৩.০০১.১২(অংশ-২)/ ৪৪৫৩(১-১৬) তারিখ : ০৭ .০৯.২০২৫ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

০১। অতিরিক্ত কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।
০২। যুগ্ম কমিশনার (সকল), সদর দপ্তর, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।
০৩-০৬। উপ/সহকারী কমিশনার, সদর দপ্তর, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।
০৭-১৩। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, মিরপুর/মোহাম্মদপুর/সাভার/ধামরাই/মানিকগঞ্জ/টাংগাইল/জামালপুর।
১৪। রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।
১৫। সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।
১৬। শাখা-সহকারী/ক্যাশিয়ার/ড্রাইভার/উপ-পরিদর্শক/সিপাই/অফিস-সহায়ক/নৈশ প্রহরী, সকল, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা।

০৭.০৯.২৫
(অলোক কুমার হাজরা)
উপ কমিশনার